

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৪

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য অথবা চন্দ্র গ্রহণের সময় যখন সালাত আদায় করার ইচ্ছা করবে,তখন সাদাকাহ করার সাথে সাথে বেশি বেশি মহান আল্লাহর তাকবীর বলা মুস্তাহাব

ذِكْرُ مَا يُستحب لِلْمَرْءِ أَنْ يُكْثِرُ مِنَ التَّكْبِيرِ لِلَّهِ جَلَّ وَعَلَا مَعَ الصَّدَقَةِ إِذَا أَرَادَ الصَّلَاةَ لِكُسُوف الشَّمْس أَو الْقَمَر

আরবী

2834 $= \hat{1}$ $= \hat{1}$ =

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2734 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ((جزء الكسوف))، ((الإرواء)) (658): ق.

বাংলা



২৮৩৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে একবার সূর্য গ্রহণ হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে সালাত আদায় করেন। তিনি দাঁড়ান এবং দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর তিনি দীর্ঘ রুকু' করেন। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন এবং দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি দীর্ঘ রুকু' করেন, তবে সেটা প্রথম রুকু' অপেক্ষা কম। তারপর তিনি রুকু' থেকে মাথা উত্তোলন করেন অতঃপর সাজদা করেন। তারপর তিনি প্রথম রাকা'আতে যেমন করেন, অনুরুপ দ্বিতীয় রাকা'আতেও করেন। তারপর তিনি সালাম ফেরান, তখন ইতোমধ্যে সূর্য প্রকাশিত হয়ে গেছে।

অতঃপর তিনি সাহাবীদের উদ্দেশ্যে ভাষন দেন। তিনি আল্লাহর প্রশংসা ও গুণ-কীর্তন করেন। অতঃপর বলেন, "নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। এগুলি কারো বেঁচে থাকা অথবা কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। বরং কাজেই যখন এরকম দেখবে, তখন তোমরা আল্লাহর কাছে দু'আ করবে, তাকবীর দিবে এবং সাদাকাহ করবে।"

তিনি আরো বলেন, "হে মুহাম্মদের উম্মাত, আল্লাহর কসম, আল্লাহর চেয়ে অধিক আত্নমর্যাদার অধিকারী আর কেউ নেই, তাঁর কোন বান্দা বা বান্দী ব্যভিচার করুক।

হে মুহাম্মদের উম্মাত, আল্লাহর কসম, আমি যা জানি তা যদি তোমরা জানতে, তবে অল্প হাসতে আর বেশি কাঁদতে।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৮৬; সহীহুল বুখারী: ১০৪৪; সহীহ মুসলিম: ৯০১; নাসাঈ: ৩/১৩২-১৩৩; আবূ দাউদ: ১১৯১; দারেমী: ১/৩৬০; বাগাবী: ১১৪২; মুসনাদ আহমাদ: ৬/১৬৪; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন